

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
ওয়েব সাইট : www.bb.org.bd

এফ,ই সার্কুলার নং-১৯

কার্তিক ১০, ১৪১৮
তারিখ :-----
অক্টোবর ২৫, ২০১১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে এফ,ই সার্কুলার নং-২৩, তারিখঃ ১২/১২/২০০২ এবং এফ,ই সার্কুলার নং-০৭, তারিখঃ ০৬/০৬/২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সরকার হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী পূরণ করা সাপেক্ষে রপ্তানি বিল নেগোসিয়েশন/কালেকশানের পাশাপাশি টিটি'র মাধ্যমে প্রাপ্ত মূল্যের বিপরীতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছেঃ

(ক) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট রপ্তানি পণ্যের সঠিক মূল্য ও পরিমাণ এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে রপ্তানি উন্নয়ন ব্যুরো/বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন সনদপত্র (সংযোজনী-ক মোতাবেক) দ্বারা সমর্থিত হতে হবে;

(খ) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসনের শর্তযুক্ত রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ থেকে প্রকৃত রপ্তানির বিপরীতে টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে এতদ্বিষয়ে ঘোষণা প্রদান করতে হবে;

(গ) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসনের বিষয়টি সরাসরি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে ('এক্সচেঞ্জ হাউজ' এর মাধ্যমে নয়) সম্পন্ন হতে হবে এবং টিটি বার্তার ভাষ্যে আমদানিকারকের নাম ও আমদানির সূত্র উল্লেখ থাকতে হবে;

(ঘ) যে দেশে পণ্য রপ্তানি করা হবে কেবল সে দেশ থেকেই মূল্য প্রত্যাবাসন হতে হবে; এবং

(ঙ) সার্কুলার জারির তারিখ (ভর্তুকী সুবিধা প্রযোজ্য থাকা সাপেক্ষে) হতে জাহাজীকরণকৃত পণ্যের ক্ষেত্রে রপ্তানি বিল নেগোসিয়েশন/কালেকশানের পাশাপাশি টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ পদ্ধতি কার্যকর হবে।

০২। জুলাই ০১, ২০১১ হতে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানিতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে সার্কুলার পত্র নং-এফইপিডি(কম)২৯১(হিমায়িত মাছ)/নীতি/২০০৩-৬৬১, তারিখঃ ০৩/০৬/২০০৩ এ বর্ণিত সিলিং মূল্য অনুসৃত হবে।

০৩। হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত আলোচ্য সার্কুলার সহ অন্যান্য সকল সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

সংযোজনীঃ ০১(এক) পাতা

(মোঃ জহিরুল হক)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫

রপ্তানি উন্নয়ন ব্যুরো/বাংলাদেশ ফ্লোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

১।	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম : ঠিকানা :		
২।	রপ্তানি ঋণপত্র/রপ্তানি চুক্তিপত্রের নম্বর :	তারিখঃ	মূল্যমানঃ
৩।	বিদেশী ক্রেতার নাম : ঠিকানা :		
৪।	বিদেশী ক্রেতার ব্যাংকের নাম : ঠিকানা :		
৫।	ক) ইনভয়েস নম্বর : খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের পরিমাণ :	তারিখঃ মূল্যঃ	
৬।	ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরনাদির বর্ণনাঃ খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা)ঃ	পরিমাণঃ	মূল্যঃ
৭।	ক) রপ্তানি পণ্যের বিবরণ : খ) পরিমাণ :	মূল্যঃ	
৮।	জাহাজীকরণের তারিখ :	গন্তব্য বন্দরঃ	
৯।	ইএক্সপি নম্বর :	তারিখঃ	মূল্যঃ
১০।	মোট প্রত্যাভাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) :		
১১।	প্রত্যাভাসিত রপ্তানি মূল্যের সনদপত্র ইস্যুকারী ব্যাংক শাখার নাম :	নম্বরঃ	তারিখঃ
১২।	নীট এফওবি মূল্য :		

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, দেশে উৎপাদিত এবং নিজ কারখানায় প্রক্রিয়াজাতকৃত হিমায়িত চিংড়ি/মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদসমূহে উল্লেখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হ'ল।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণাগুলির যথার্থতা যাচাইয়াস্তে সঠিক পাওয়া গেছে। ঘোষিত রপ্তানিমূল্য যুক্তিযুক্ত ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সাথে সংগতিপূর্ণ পাওয়া গেছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গেছে। প্রত্যাভাসিত মূল্যের অনুকূলে উপরোক্ত রপ্তানিকারককে নগদ সহায়তা প্রদানের জন্য সুপারিশ করা হ'ল।

রপ্তানি উন্নয়ন ব্যুরো/বাংলাদেশ ফ্লোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন এর
দু'জন কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হ'লে এই প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।